# উপজেলা পরিষদ

বামনা, বরগুনা।

বিষয় : নভেম্বর, ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভা নম্বর : ৩৮

সভাপতি : মোঃ সাইতুল ইসলাম লিটু, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বামনা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বামনা।

তারিখ : ২৮-১১-২০২২ খ্রি.সময়: সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট “ক”এবং “খ”।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় বিগত সভার (অক্টোবর-২০২২) কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এছাড়া কোন নীতি নির্ধারণী সংশোধন, পরিমার্জন, পরিবর্ধন বা পরিবর্তন না থাকায় সকলের সম্মতিক্রমে উহা অনুমোদন ও দৃঢ় করণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী অংশ গ্রহণমূলক আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | বিভাগ | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, জুলাই ৩১/০৭/২০২২ খ্রি. তারিখের সভার কার্যবিবরণীতে RFQ-03 এডিপি২০২২-২৩ (জ) রামনা ইউনিয়নের ৬নং ওয়ার্ডের গোলাঘাটা গ্রামের জালাল মোল্লা, পিতা-আঃ খালেক মোল্লা এর বাড়িতে জনস্বার্থে গভীর নলকূপ স্থাপন প্রকল্পটি ওয়ার্ড ও নামে ভুল হয়েছে এটি সংশোধন করা প্রয়োজন। | সভার সর্বসম্মত সিদ্ধান্তক্রমে (জ) রামনা ইউনিয়নের ৬নং ওয়ার্ডের গোলাঘাটা গ্রামের জালাল মোল্লা, পিতা-আঃ খালেক মোল্লা এর বাড়িতে জনস্বার্থে গভীর নলকূপ স্থাপন এর পরিবর্তে রামনা ইউনিয়নের ২নং ওয়ার্ডের খোলপটুয়া গ্রামে নির্মল, পিতা-মাহেন্দ্র নাথ দাস এর বাড়িতে জনস্বার্থে গভীর নলকূপ স্থাপন প্রকল্প পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>(২) উপজেলা নির্বাহী অফিসার<br>(৩) উপজেলা প্রকৌশলী |
| ০২. | উপজেলা প্রকৌশল বিভাগ | **উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে,** বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী |
| ০৩. | চেয়ারম্যান, ১নং বুকাবুনিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বুকাবুনিয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ, ইউপি-১ শাখার ০৩ জুলাই ২০২২খ্রি. তারিখে ৪০৬ নং স্মারকে বরগুনা জেলার বামনা উপজেলাধীন বুকাবুনিয়া ইউনিয়ন পরিষদের পরিত্যক্ত গোডাউন এবং ০২ নং বামনা সদর ইউনিয়ন পরিষদের পুরাতন ভবন কনডেম ঘোষণা ও নিলামে বিক্রয়ের প্রশাসনিক অনুমোদন পাওয়া গিয়েছে। এ ভবন দুটি দ্রুত নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডিকে অনুরোধ করা হয়। | বরগুনা জেলার বামনা উপজেলাধীন বুকাবুনিয়া ইউনিয়ন পরিষদের পরিত্যক্ত গোডাউন এবং ০২ নং বামনা সদর ইউনিয়ন পরিষদের পুরাতন ভবন দুটি উপজেলা প্রকৌশলী এলজিইডিকে নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>(২) উপজেলা নির্বাহী অফিসার<br>(৩) উপজেলা প্রকৌশলী |
| ০৪. | চেয়ারম্যান, ২নং বামনা সদর ইউনিয়ন পরিষদ | সভায়, বামনা সদর ইউনিয়ন চেয়ারম্যান জানান যে, বামনা ইউনিয়ন পরিষদের আয় বলতে ট্যাক্স ছাড়া কিছু নাই। ট্যাক্সের টাকা দিয়েই ইউনিয়ন পরিষদ চলে। যারা সমাজে গরীব তারা ঠিক মত ট্যাক্সের টাকা পরিশোধ করে পাশাপাশি সমাজের যারা বৃত্তবান লোক আছে তারা ঠিকমত ট্যাক্স পরিশোধ করে না। এজন্য উপজেলা পরিষদের সংশ্লিষ্ট দপ্তরকে ট্যাক্স পরিশোধ করার আহ্বান জানান। | উপজেলা পরিষদের সংশ্লিষ্ট সকল দপ্তর ইউনিয়ন পরিষদের পাওনাদি পরিশোধের ক্ষেত্রে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। এজন্য ইউনিয়ন পরিষদ সংশ্লিষ্ট দপ্তরকে বকেয়া অর্থ প্রদানের জন্য নির্ধারিত টাকার পরিমাণ উল্লেখকরতঃ পত্র প্রেরণ নিশ্চিত করবে। | ১) উপজেলা নির্বাহী অফিসার, বামনা।<br>২) উপজেলা প্রকৌশলী<br>৩) চেয়ারম্যান, বামনা সদর ইউনিয়ন পরিষদ |
| ০৫. | চেয়ারম্যান, ৩নং রামনা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৩নং রামনা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, রামনা ইউনিয়নে একটি ভূমি অফিস না থাকায় সেবা প্রাপ্তির ক্ষেত্রে পার্শ্ববর্তী ডৌয়াতলা ইউনিয়নে যেতে হয়। এজন্য পরিদর্শনকৃত ১২ শতাংশ জায়গা যাচাই-বাছাই করতঃ পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। | রামনা ইউনিয়নে ইউনিয়ন ভূমি অফিস নির্মাণের উপযোগীতা যাচাইয়ের জন্য অবিলম্বে সরেজমিন পরদর্শন নিশ্চিত করতে হবে। | ১)চেয়ারম্যান, রামনা ইউনিয়ন পরিষদ<br>২) সহকারী কমিশনার (ভূমি) এর প্রতিনিধি কানুনগো ও সার্ভেয়ার, বামনা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬. | চেয়ারম্যান, ৪নং ডৌয়াতলা ইউপি পরিষদ | ৪নং ডৌয়াতলা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, প্রাক্কলন অনুযাযী ইউনিয়ন পরিষদের কাজ শেষ হয়েছে। প্রাক্কলন অনুযায়ী কাজ সঠিক ভাবে সম্পন্ন হয়েছে। | প্রাক্কলন অনুযায়ী কাজ করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে অনুরোধ জানান। | চেয়ারম্যান, ডৌয়াতলা ইউনিয়ন পরিষদ |
| ০৭. | উপজেলা স্বাস্থ্যও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি জানান যে, কার্যক্রম যথারীতি চলমান। হাসপাতালের জরুরী বিভাগ সম্প্রসারণ করা প্রয়োজন। SSK স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি বিষয়ক কিছুদিন আগে একটি সেমিনার হয়েছে। যেসব জনগোষ্ঠি দারিদ্র সীমার নিচে তাদের চিকিৎসাসেবা নিশ্চিত করার জন্য একটি স্বাস্থ্য কার্ড দেওয়া হবে। এর মাধ্যমে শুধু ঔষধই পাবেনা যাবতীয় সুবিধাদি পাবে। | ক) বামনা স্বাস্থ্য কমপ্লেক্স এর সেবার মান ও রোগীদের সুবিধাদি বৃদ্ধির লক্ষ্যে জরুরী বিভাগ সম্প্রসারণ উপজেলা পরিষদের রাজস্ব উন্নয়ন তহবিল হলে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>(২) উপজেলা নির্বাহী অফিসার<br>(৩) উপজেলা প্রকৌশলী<br>(৪) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| ০৮. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। সরকার ইউরিয়া সারের দাম বৃদ্ধি করে ১৬ টাকা থেকে ২২ টাকা করেছে খুচরা বিক্রেতার জন্য। পাইকেরী বিক্রির জন্য ১৪ থেকে ২০ টাকা। এজন্য সকলকে সচেতনা বৃদ্ধি করতে হবে। | সরকার ইউরিয়া সারের বিক্রির মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসার<br>২) উপজেলা কৃষি অফিসার |
| ০৯. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, বিভাগী কার্যক্রম যথারীতি চলমান। ডৌয়াতলা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সীমানা প্রাচীরের কাজ শেষ পর্যায়ে। রামনা ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সীমানা প্রাচীরের কাজ এখন পর্যন্ত শুরু করা সম্ভব হয়নি। বুকাবুনিয়া ইউনিয়ন নতুন একটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ ভবন এসেছে। এখানে দুটি পুরাতন ভবন আছে। এটি দ্রুত নিলাম দেওয়া প্রয়োজন। | ক) প্রাক্কলন মোতাবেক সীমানা প্রাচীর নির্মাণের জন্য সংশ্লিষ্ট ঠিকাদার/কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১০. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | সভায় উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ **কর্মকর্তা জানান** যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা |
| ১১. | উপজেলা মৎস্য বিভাগ | **মৎস্য কর্মকর্তা জানান যে,** বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। চলতি বছরে ইলিশ সম্পদ উন্নয়ন ব্যবস্থাপনা প্রকল্প থেকে ২৫টি গরু বিতরণ করা হবে। বরাদ্দ পাওয়া গিয়েছে। গরু বিতরণের তালিকা প্রয়োজন। এছাড়া দেশীয় প্রজাতির মাছ বিতরণের জন্য ৩,৫০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। সরকারি ও প্রতিষ্ঠানিক জলাশয়ের তালিকা প্রয়োজন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, বামনা |
| ১২. | উপজেলা শিক্ষা বিভাগ | **উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) সভায় জানান যে,** ৬২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সরকার করোনা সুরক্ষা সামগ্রী বিতরণ করেছেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১৩. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান** যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৪. | উপজেলা সমাজ সেবা বিভাগ | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে। | **উপজেলা সমাজ সেবা অফিসার** |
| ১৫. | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | **সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উল্লেখ করেন যে,** বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে। | **১। উপজেলা মহিলা বিষয়ক অফিসার** |
| ১৬. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় বিভাগের প্রতিনিধি সভায় উল্লেখ করেন যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে। | **উপজেলা সমবায় অফিসার** |
| ১৭. | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ** | **সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের প্রতিনিধি জানান হয়** যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে। | **(১) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার** |
| ১৮. | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ** | **উপজেলা যুব উন্নয়ন** কর্মকর্তা **সভায় জানান** যে, যুব প্রশিক্ষণ (মৎস্য চাষ, হাঁস-মুরগী, গবাদী পশু পালন) ও ঋণ কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর মত চলছে। | বিভাগীয় কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | **উপজেলা যুব উন্নয়ন অফিসার** |
| ১৯. | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ** | **উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে,** বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে। | **উপজেলা পল্লী উন্নয়ন অফিসার** |

| | | | | |
|---|---|---|---|---|
| ২০. | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | **উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, জানান যে,** বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে। | (১) উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ২১. | **ভারপ্রাপ্ত কর্মকর্তা এসএফপিসি বনবিভাগ** | **ক) উপজেলা বন** কর্মকর্তা **জানান যে,** অত্র উপজেলার মেয়াদ উত্তীর্ণ হওয়া অনেক বাগান আছে। যা নিলামে বিক্রি করা প্রয়োজন। মেয়াদ উত্তীর্ণ বাগানসমূহ যথা সময়ে কর্তন না করার ফলে একদিকে যেমন পরিপুষ্ট গাছসমূহ অবৈধভাবে কর্তন ও চুরির আশংকা থাকতে পারে। অন্যদিকে সামাজিক বনায়নের উদ্দেশ্যে ও ব্যাহত হয় এবং অনেকাংশ গাছ মরে শুকিয়ে বিনস্ট হচ্ছে। গাছগুলি বিক্রি করে পুনঃরায় বাগান করা যায়। যে সমস্ত বাগান জরুরী ভিত্তিতে টেন্ডার দেওয়া প্রয়োজন তা হলো (১) খোলপটুয়া বড় ব্রীজের দক্ষিণ পাড়ে আঃ ছালাম আকনের দোকান হতে পশ্চিমে সাবেক মালেক চেয়ারম্যান বাড়ি হয়ে জাফ্রাখালী হয়ে পশ্চিমে মঠবাড়িয়া বামনার সীমানা পর্যন্ত এর মধ্যে আঃ রব আকনের বাড়ি হতে পশ্চিমে দাদন আলী বাড়ির সীমানা পর্যন্ত সবুজ বেস্টনী প্রকল্পের ১৯৯৭-৯৮ সনের ২.০ সিকিমি বাঁধ বাগানের গাছের মার্কিং তালিকা প্রস্তুতপূর্বক মোট ১৩টি লট আকারে ইতোপূর্বে বিবক পটুয়াখালীতে প্রেরণ করা হয়েছে। (২) শাহআলম মেম্বরের বাড়ি পূর্বে বাঁধে ১৯৯৬-৯৭ সনের বাগান বুদতা স্লুইজ হতে চেঁচান সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত ০৩টি গ্রুপে (২.০ কিঃ মিঃ+২.০ কিঃ মিঃ+২.০ কিঃমিঃ) মোট= ৬.০ কিঃ মিঃ (৩) বুকাবুনিয়া ইউনিয়নের ১৯৯৭-৯৮ সনের তালেশ্বর গ্রামের মুমিনদ্দিন হাজির বাড়ি হতে দখিভাঙ্গা মাদ্রাসা হয়ে দক্ষিণে মোট ৩.০ কিঃমিঃ (৪) বামনা আইল্যান্ড হতে দক্ষিণে রুহিতা, পোটকাখালী অযোধ্যা হয়ে খোলপটুয়া বাজার সংলগ্ন আমুয়া ব্রীজ পর্যন্ত বিভিন্ন সনের সংযোগ সড়ক বাগান ইতোমধ্যে টেন্ডারের মাধ্যমে খোলপটুয়া বড় ব্রীজের সালাম আকন এর দোকান হতে তার বাড়ির সীমানা পর্যন্ত ০২টি লট এবং ডৌয়াতলা সরকারি ক্লিনিক হতে বাজার হয়ে সংগ্রাম অফিস পর্যন্ত ০৪টি লট বিক্রি করা হয়েছে।<br>**খ) উপজেলা বন** কর্মকর্তা **আরও জানান যে,**বৃক্ষরোপন মাননীয় প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-২০২২ প্রদানের জন্য ইতোমধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ পত্রের মাধ্যমে জরুরী ভিত্তিতে কয়েকটি পত্র দিয়েছেন। পুরস্কারের জন্য ১০টি শ্রেণিতে নির্ধারিত ফরমে আবেদন করা যাবে। সদস্য সচিব বলেন এ ব্যাপারে বহু প্রচারের জন্য বিভিন্ন সভায় আলোচনা করা হয়েছে। একটি শ্রেণিতে অর্থাৎ ব্যক্তিগত পর্যায় বৃক্ষরোপনের উপর ০২টি আবেদন পাওয়া গিয়েছে। অত্র উপজেলায় অন্যান্য শ্রেণিতে যেমন-ব্যক্তি, নার্সারি, বাড়ির ছাদে বাগান সৃজন, স্কুল, কলেজ ইউনিয়ন পরিষদে শর্তানুযায়ী তেমন কোন বাগান পাওয়া যায়নি।আবেদন ০২ খানা সভায় উপস্থাপন করা হয় এবং এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। | ক) সভায় সিদ্ধান্ত হয়ে যে, পর্যায়ক্রমে উল্লেখিত মেয়াদ উত্তীর্ণ বাগান টেন্ডারের মাধ্যমে বিক্রির জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সুপারিশ করার জন্য বলা হয়। **ভারপ্রাপ্তকর্মকর্তা এসএফপিসি বন পর্যায়ক্রমে বাগানের গাছের মার্কিং তালিকা প্রস্তুতপূর্বক** টেন্ডারে বিক্রির যাবতীয় ব্যবস্থা নিয়মানুযায়ী করার পরামর্শ প্রদান করা হয়।<br>খ) বৃক্ষরোপন প্রধান মন্ত্রীর জাতীয় পুরস্কার। ২০২২ প্রদানে অত্র উপজেলায় যে, ২টি আবেদন পাওয়া গিয়াছে তাহা মূল্যায়ন করে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের যাবতীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিটির সদস্য সচিবকে অনুরোধ জানানো হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ২২. | উপজেলা হিসাবরক্ষণ বিভাগ | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ২৩. | **উপজেলা আনসার ভিডিপি অফিস** | সভায় উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথ বাস্তবায়ন করতে হবে । | **উপজেলা আনসার ভিডিপি অফিসার** |
| ২৪. | **উপজেলা খাদ্য বিভাগ** | **সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে,** বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে। | **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বামনা।** |
| ২৫. | **উপজেলা দারিদ্র বিমোচন অফিস** | **উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান যে,** বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে। | **উপজেলা দারিদ্র বিমোচন অফিসার** |
| ২৬. | **ইন্সট্রাক্টর ইউআরসি** | **ইন্সট্রাক্টর ইউআরসি সভায় জানান যে,** বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে। | **ইন্সট্রাক্টর, ইউআরসি** |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৭. | আমার বাড়ি আমার খামার ও পল্লী সংঞ্চয় ব্যাংক | সভায় ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২।ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৮. | তথ্য আপা | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প সভায় জানান যে, উঠান বৈঠকসহ সরকারি দাপ্তরিক কার্যক্রম যথারীতি চলমান। | **উঠান বৈঠক সফল করার জন্য জনপ্রতিনিধিদের সম্পৃক্ততা আরও ফলপ্রসু করতে হবে।** | ১। উপজেলানির্বাহী অফিসার<br>২। তথ্য আপা |
| ২৯ | উপজেলা পল্লী বিদ্যুৎ বিভাগ | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে। | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ বিভাগ, বামনা |
| ৩০. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | ইউডিএফ সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকেল্পর আওতায় কাজগুলো সেপ্টেম্বর ২০২২ এর মধ্যে শেষ করা প্রয়োজন। না হলে পরবর্তীতে বরাদ্দ পেতে সমস্যা হবে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে। | (১) উপজেলা নির্বাহী অফিসার<br>(২) ইউডিএফ, ইউজিডিপি |
| ৩১. | পানি উন্নয়ন বোর্ড | পানি উন্নয়ন বোর্ড এর প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার |
| ৩২. | বিএডিসি সেচ | উপসহকারী প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে অব্যাহত রাখতে হবে। | উপসহকারী প্রকৌশলী বিএডিসি সেচ |
| ৩৩. | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, বামনা উপজেলার মোট জনসংখ্যা ৮৯২০৫ জন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে •চলমান রাখতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ৩৪. | | সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনা | | |
| ৩৫. | | মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর আলোচনা | | |

**৩। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।**

(মোঃ সাইতুল ইসলাম লিটু)
চেয়ারম্যান
উপজেলাপরিষদ
বামনা, বরগুনা।

স্মারক নং-০৫.১০.০৪১৯.০০৩.০৬.০০৩.২২-৫৪৩ | তারিখ: ২৮-১১-২০২২ খ্রি.

<u>অনুলিপি প্রেরণ করা হলো:</u>

সদয় অবগতির জন্য:

১। জনাব শওকত হাচানুর রহমান রিমন, মাননীয় সংসদ সদস্য, ১১০-বরগুনা-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, বামনা, বরগুনা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল।
৫। জেলা প্রশাসক, বরগুনা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

৬। উপজেলা ........................................................ কর্মকর্তা, বামনা, বরগুনা।
৭। সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বামনা, বরগুনা (তাঁকে সভার কার্যবিবরণী উপজেলার ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয়ব্যবস্থাগ্রহণেরঅনুরোধসহ)।
৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বামনা, বরগুনা।
৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বামনা, বরগুনা।
১০। চেয়ারম্যান, বুকাবুনিয়া/বামনা/রামনা/ডৌয়াতলা ইউনিয়ন পরিষদ, বামনা, বরগুনা।
১১। জনাব ............................................................

(অন্তরা হালদার)
মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
বামনা, বরগুনা।